▶◀ ২নং প্রশ্নের সমাধান ▶◀

- ক. ধানের বৈজ্ঞানিক নাম *Oryza sativa*।
- খ. একটি জীবের নামকরণের দুটি অংশ থাকে। প্রথম অংশটির নাম গণ ও দ্বিতীয় অংশটির নাম প্রজাতির। এরূপ দুটি পদ নিয়ে গঠিত নামকে দ্বিপদ নাম বলে এবং নামকরণের প্রক্রিয়াকে দ্বিপদ নামকরণ বলে।
- গ. উদ্দীপকের চিত্র-ক *Penicillium* এর চিত্র। এটি এক ধরনের ছত্রাক ফানজাই রাজ্যের অন্তর্ভুক্ত। এই ছত্রাক থেকে জীবন রক্ষাকারী অ্যান্টিবায়োটিক-পেনিসিলিন প্রস্তুত করা হয়। এই অ্যান্টিবায়োটিক *Penicillium* এর বিভিন্ন প্রজাতি ব্যবহার করে বিভিন্ন জৈব এসিড এবং পনির উৎপাদন করা হয়। এ কারণে *Penicillium* কে ফলিত জীব বিজ্ঞানের অণু জীববিজ্ঞান শাখার অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ঘ. উদ্দীপকের চিত্র-খ হচ্ছে ডায়টিম যা একটি এককোষী শৈবাল। এর গঠনগত বৈশিষ্ট্য প্রোটিস্টা রাজ্যের অন্তর্গত উদ্ভিদের মতো।
প্রোটিস্টা এর বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ :
- এরা একক বা এককোষী কলোনিয়াল।
 - এদের কোষ জড়কোষ প্রাচীর আবৃত এবং কোষে প্লাস্টিড ও কোষগহ্বর থাকে।
 - এরা প্রকৃত কোষ বিশিষ্ট।
 - ক্রোমাটিন বডিতে DNA, RNA এবং প্রোটিন আছে।
 - খাদ্য গ্রহণ-শোষণ বা ফটোসিনথেটিক পদ্ধতিতে ঘটে।
 - মাইটোসিস কোষ বিভাজনের মাধ্যমে অযৌন প্রজনন ঘটে এবং কনজুগেশনের মাধ্যমে যৌন প্রজনন ঘটে।
 - কোনো ভ্রূণ গঠিত হয় না।
- অন্যদিকে, অ্যানিমেলিয়া রাজ্যের বৈশিষ্ট্য নিম্নরূপ :
- এরা সুকেন্দ্রিক ও বহুকোষী প্রাণী।
 - এদের কোষে কোনো জড় কোষপ্রাচীর, প্লাস্টিড ও কোষগহ্বর নাই।
 - প্লাস্টিড না থাকায় এরা হেটারোট্রফিক অর্থাৎ পরভোজী এবং খাদ্য গলাধঃকরণ করে ও হজম করে, দেহে জটিল টিস্যুতন্ত্র বিদ্যমান।
 - প্রধানত যৌন প্রজননের মাধ্যমে বংশবৃদ্ধি করে।
 - ভ্রূণ বিকাশকালীন সময়ে ভ্রূণীয় স্তর সৃষ্টি হয়।
- উপরিউক্ত আলোচনার পরিপেক্ষিতে বলা যায় চিত্র-খ অর্থাৎ ডায়টিম বৈশিষ্ট্যগত কারণে প্রোটিস্টা রাজ্যের অন্তর্ভুক্ত হয়েছে, অ্যানিমেলিয়া রাজ্যের অন্তর্ভুক্ত হয়নি।

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

জীববিজ্ঞান শিক্ষক মিঃ হক তার ছাত্রদের নিয়ে বিদ্যালয়ের চারিপাশে গাছগুলো পর্যবেক্ষণ করলেন। পরবর্তীতে তিনি নানা রকম গাছ দেখিয়ে একটি বিষয় সম্পর্কে আলোচনা করলেন যার জনক বিজ্ঞানী ক্যারোলাস লিনিয়াস। অবশেষে তিনি উক্ত বিজ্ঞানীর প্রবর্তিত নামকরণ পদ্ধতির নিয়মাবলি আলোচনা করলেন।

- ক. ICZN কী? ১
- খ. ব্যাকটেরিয়াকে মনেরা রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে কেন? ২
- গ. শিক্ষকের আলোচিত মূল বিষয়বস্তুর উদ্দেশ্য বর্ণনা কর। ৩
- ঘ. মানুষের নামকরণের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত বিজ্ঞানীর উদ্ভাবনকৃত পদ্ধতির প্রতিফলন ঘটেছে কি না? বিশ্লেষণ কর। ৪

▶◀ ৩নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. ICZN হলো International Code of Zoological Nomenclature
- খ. ব্যাকটেরিয়া এককোষী, কলোনিয়াল বা মাইসেলিয়াস। এরা প্রোক্যারিওটা, অর্থাৎ কোষে ক্রোমাটিন বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নেই। রাইবোসোম ছাড়া অন্য কোষ অঙ্গাণু নেই। কোষ বিভাজন দ্বিভাজন প্রক্রিয়ায় সম্পন্ন হয়। এসব বৈশিষ্ট্য মনেরা রাজ্যের জীবদের বৈশিষ্ট্য। এজন্য ব্যাকটেরিয়াকে মনেরা রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে।
- গ. শিক্ষকের আলোচিত মূল বিষয়বস্তু হলো শ্রেণিবিন্যাস। আর শ্রেণিবিন্যাসের উদ্দেশ্য হলো প্রতিটি জীবের দল ও উপদল সমন্বয়ে স্তর আহরণ করা। শ্রেণিবিন্যাসের সাহায্যে পৃথিবীর সকল উদ্ভিদ এবং প্রাণী সমন্বয়ে বিজ্ঞানসম্মতভাবে অল্প পরিপ্রণমে ও অল্প সময়ে জানা যায়। আবার কোনো জীবের শ্রেণিবিন্যাস জানা থাকলে এবং উক্ত শ্রেণিবিন্যাসের ধাপগুলোর শনাক্তকারী বৈশিষ্ট্যাবলি জানা থাকলে সহজেই সেই বিশেষ জীবটির বৈশিষ্ট্যসমূহের ধারণা পাওয়া যায়। জীবদের বৈশিষ্ট্যের মিল ও অমিলের তুলনামূলক পর্যালোচনার মাধ্যমে অপরিচিত জীবকে সহজে চিহ্নিত ও শনাক্ত করা যায়। ক্ষতিকর ও উপকারী জীবকে শনাক্ত করা যায়।

উপর্যুক্ত আলোচনা থেকে লক্ষ করা যায়, পৃথিবীতে যে অসংখ্য ছোট বড় ও বৈচিত্র্যময় জীব রয়েছে, এদের প্রত্যেকের সম্বন্ধে পৃথকভাবে জানা কারও একার পক্ষে সম্ভব নয়। একমাত্র শ্রেণিবিন্যাসের মাধ্যমেই এদের প্রত্যেকের নির্দিষ্ট জগৎ, পর্ব, শ্রেণি, বর্গ, গোত্র, গণ এবং প্রজাতি ইত্যাদি ধাপসমূহ স্থাপন করে জ্ঞান আহরণ করা যায়। এজন্যই শিক্ষকের আলোচিত মূল বিষয়বস্তু ছিল শ্রেণিবিন্যাস।

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিজ্ঞানীর উদ্ভাবনকৃত পদ্ধতি হলো দ্বিপদ নামকরণ। যার প্রতিফলন মানুষের নামকরণের ক্ষেত্রেও ঘটেছে। মানুষের বৈজ্ঞানিক নাম হলো Homo sapiens। দ্বিপদ নামকরণের নীতিগুলো নিম্নরূপ-

১. প্রাণীর নামকরণ International code of Zoological Nomenclature (ICZN) কর্তৃক স্বীকৃত নিয়মানুসারে হতে হবে।
২. প্রত্যেক প্রাণীর একটি বৈজ্ঞানিক নাম থাকবে যার দুটি অংশ থাকবে।
৩. দ্বিপদ নামের প্রথম অংশটি ওই প্রাণীর গণ নাম ও দ্বিতীয় অংশটি প্রজাতির নাম নির্দেশ করবে। মানুষের নামের Homo অংশটি হলো গণ ও sapiens অংশটি হলো প্রজাতি।
৪. প্রাণীর বৈজ্ঞানিক নাম অবশ্যই ল্যাটিন শব্দের হতে হবে। মানুষের নামের Homo ও sapiens দুটো শব্দই ল্যাটিন।
৫. দ্বিপদ নামকরণ সর্বদা ইটালিক হরফে হবে।


যেমন : মানুষের নাম : *Homo sapiens*.

৬. গণের নামের প্রথম অক্ষরটি অবশ্যই বড় হরফের এবং প্রজাতির নাম ছোট হরফে লিখতে হবে।

যেমন : Homo sapiens

অতএব, উপরিউক্ত নীতিগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, মানুষের নামকরণের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত বিজ্ঞানী ক্যারোলাস লিনিয়াস কর্তৃক উদ্ভাবিত পদ্ধতিটির যথাযথ প্রতিফলন ঘটেছে।

নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ট্যাক্সোনমি কাকে বলে? ১
- খ. জীববিজ্ঞানের কোন কোন শাখায় উদ্ভিদের জৈবরাসায়নিক কার্যাদি, জিনের ব্যবহার, সমুদ্রসম্পদ ও মৎস্য সম্পদ সম্বন্ধে জানা যায়? ২
- গ. উদ্দীপকে রেখাচিত্রের 'ক' এর বৈজ্ঞানিক নাম লেখ এবং এর শ্রেণিবিন্যাসের ধাপগুলো কীভাবে বিন্যাস করবে দেখাও। ৩
- ঘ. প্রশ্নের জীবজগতের রেখাচিত্রটি লেখ এবং প্রত্যেকটি জীবের দুটি করে বৈশিষ্ট্যসহ রাজ্য উল্লেখ কর। ৪


◀▶ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. জীববিজ্ঞানের যে শাখায় জীবের শ্রেণিবিন্যাস ও রীতিনীতিসমূহ আলোচনা করা হয় তাকে ট্যাক্সোনমি বলে।
- খ. শারীরবিদ্যা শাখায়- উদ্ভিদের জৈব রাসায়নিক কার্য সম্বন্ধে জানতে পারব।
জিনপ্রযুক্তি শাখায়- জিনের ব্যবহার ও জিন সম্বন্ধে জানতে পারব।
সমুদ্রবিজ্ঞান শাখায়- সমুদ্রসম্পদ সম্বন্ধে জানতে পারব।
মৎস্যবিজ্ঞান শাখায়- মৎস্য সম্পদের উৎপাদন, সংরক্ষণ ইত্যাদি সম্বন্ধে জানতে পারব।
- গ. উদ্দীপকের রেখাচিত্রে 'ক' হলো মানুষ। মানুষের বৈজ্ঞানিক নাম *Homo sapiens*। মানুষের শ্রেণিবিন্যাসের জন্য ধাপগুলো হলো:

জগৎ (Kingdom)
পর্ব (Phylum)/ বিভাগ (Division)
শ্রেণি (Class)
বর্গ (Order)
গোত্র (Family)
গণ (Genus)
প্রজাতি (Species)

- ঘ. উদ্দীপকের রেখাচিত্রে প্রত্যেকটি জীবের দুটি করে বৈশিষ্ট্য উল্লেখ করা হলো :

নবম-দশম শ্রেণি : জীববিজ্ঞান ▶ ১৬



নিচের চারটি লক্ষ কর এবং পশুগুলোর উত্তর দাও :

মনেরা
প্রোটিস্টা
F
অ্যানিমেলিয়া
প্লানটি

- ক. আদিকোষ কাকে বলে? ১
- খ. পিয়াজের বৈজ্ঞানিক নাম *Allium cepa* কেন? ২
- গ. উপরের চার্টের 'F' চিহ্নিত ধাপটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. চার্টটি বিশ্লেষণ করে লেখ। ৪

◀ ফেনং প্রশ্নের উত্তর ▶

- ক. যে কোষে নিউক্লিয়াস পর্দা দ্বারা বেষ্টিত থাকে না এবং নিউক্লিও বস্তু সাইটোপ্লাজমে ছড়ানো থাকে, সে কোষকে আদিকোষ বলে।
- খ. প্রতিটি উদ্ভিদের বৈজ্ঞানিক নাম ICBN কর্তৃক স্বীকৃত নিয়ম অনুসারে হতে হবে। তাই পিয়াজের নামকরণ করা হয়েছে দ্বিপদ নামকরণ পদ্ধতি অনুসারে। পিয়াজের *Allium* গণ নাম এবং *cepa* প্রজাতির নাম।
- গ. উদ্দীপকে চার্টটিতে জীবজগতের শ্রেণিবিন্যাসের পাঁচটি রাজ্য দেখানো হয়েছে। চার্টের 'F' চিহ্নিত রাজ্যটি ফানজাই (Fungi) কে নির্দেশ করে। অধিকাংশ ফানজাই শুল্ক। দেহ এককোষী অথবা মাইসেলিয়াম দিয়ে গঠিত। এদের কোষে নিউক্লিয়াস সুগঠিত। এদের বৈশিষ্ট্য হচ্ছে কোষ প্রাচীর কাইটিন দ্বারা গঠিত। কোষে ক্লোরোপ্লাস্ট না থাকায় এরা নিজেদের খাদ্য প্রস্তুত করতে পারে না। এরা পরজীবী অথবা মৃতজীবী। এজন্য ফানজাইদের পরভোজী উদ্ভিদ বলা হয়। মাইটোসিস কোষ বিভাজনের দ্বারা কোষ বিভাজন ঘটে। হ্যাপ্লয়েড স্পোর দ্বারা বংশ বৃদ্ধি ঘটে। উচ্চশ্রেণির ফানজাই এর জাইগোটো মিয়োসিস কোষ বিভাজনের দ্বারা হ্যাপ্লয়েড দেহকোষ গঠন করে।
- ঘ. উদ্দীপকের আলোচিত চার্টটি মারগুলিসের (১৯৭৪)। নিচে শ্রেণিবিন্যাসটি উপস্থাপন করা হলো :
- বিজ্ঞানী মারগুলিস সমগ্র জীবজগতকে ২টি সুপার কিংডমে ভাগ করেন এবং পাঁচটি জগতকে এই দুটি সুপার কিংডমের অন্তর্ভুক্ত করেন।
- সুপার কিংডম – ১ : প্রোক্যারিওটা (Prokaryota)
- বৈশিষ্ট্য : এরা আদিকোষ বিশিষ্ট এককোষী আণুবীক্ষণিক জীব এর অন্তর্ভুক্ত একটি রাজ্য।
- রাজ্য-১ : মনেরা (Monera)
- বৈশিষ্ট্য : i) এরা এককোষী, ফিলামেন্টাস, কলোনিয়াল।
ii) এদের কোষ বিভাজন অ্যামাইটোসিস প্রক্রিয়ায় হয়।
উদাহরণ— শৈবাল ও ব্যাকটেরিয়া, নীলাভ সবুজ।
- সুপার কিংডম – ২ : ইউক্যারিওটা (Eukaryota)
- বৈশিষ্ট্য : এরা প্রকৃত কোষ বিশিষ্ট এককোষী বা বহুকোষী এর অন্তর্ভুক্ত। এককভাবে অথবা কলোনি আকারে দলবদ্ধভাবে বসবাস করে।
- রাজ্য-২ : প্রোটিস্টা (Protista)
- বৈশিষ্ট্য : i) কোষে সকল ধরনের কোষ অঙ্গাণু থাকে। অযৌন প্রজনন ঘটে এবং কোনো ভ্রূণ গঠিত হয় না।
ii) ক্রোমাটিন বস্তুতে DNA, RNA ও প্রোটিন থাকে।

উদাহরণ- অ্যামিবা, বহুকোষী শৈবাল ইত্যাদি।

রাজ্য-৩ : ফানজাই (Fungai)

বৈশিষ্ট্য : i) এরা মৃতজীবী বা পরজীবীরূপে বাস করে।

ii) এদের কোষপ্রাচীর কাইটিন দিয়ে গঠিত।

উদাহরণ- Penicillium ইস্ট ইত্যাদি।

রাজ্য-৪ : প্রান্টি (Plantae)

বৈশিষ্ট্য : i) ফটোসিনথেসিস প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করে।

ii) এদের উন্নত টিস্যু বিন্যাস বিদ্যমান।

iii) ভূগ সৃষ্টি হয় এবং উদ্ভিদদেহ ডিপ্লয়েড।

প্রান্টিকে চারটি বিভাগে ভাগ করা হয়েছে। যথা- মসবর্ণীয় উদ্ভিদগ, ফার্নবর্ণীয় উদ্ভিদ, নলুবীজী উদ্ভিদ ও আবৃতবীজী উদ্ভিদ। উদাহরণ- মস, ফান, সাইকাস, আম ইত্যাদি।


রাজ্য-৫ : অ্যানিমেলিয়া (Animalia)

বৈশিষ্ট্য : i) বহুকোষ প্রাণী প্রধানত যৌন জননের মাধ্যমে বংশ বিস্তার করে।


ii) ভূগ বিকাশকালীন সময়ে ভূণীয় স্তর সৃষ্টি হয়।

উদাহরণ- *Homo sapiens*

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : ১



চিত্র : ২

- | | |
|---|---|
| ক. ICZN এর পূর্ণরূপ লেখ। | ১ |
| খ. শ্রেণিবিন্যাসের এককগুলো উল্লেখ কর। | ২ |
| গ. আধুনিক শ্রেণিবিন্যাসে চিত্র-১ টির অবস্থানগত বৈশিষ্ট্য বর্ণনা কর। | ৩ |
| ঘ. অর্থনৈতিক বিবেচনায় উল্লিখিত জীবদ্বয়ের গুরুত্ব আলোচনা কর। | ৪ |

◀▶ ৬নং প্রশ্নের উত্তর ▶▶

ক. ICZN এর পূর্ণরূপ- International Code of Zoological Nomenclature.

খ. জীবের শ্রেণিবিন্যাসের এককগুলো হলো :

জগৎ (Kingdom)

পর্ব (Phylum)/ বিভাগ (Division)

শ্রেণি (Class)

বর্গ (Order)

গোত্র (Family)

গণ (Genus)

প্রজাতি (Species)

গ. উদ্দীপকের চিত্র-১ এর জীবটি ব্যাকটেরিয়া যাকে আধুনিক শ্রেণিবিন্যাসে সুপার কিংডম-১ : প্রোক্যারিওটা এবং রাজ্য-১ মনেরার অন্তর্ভুক্ত করা হয়েছে। এদের প্রোক্যারিওটার অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ এরা আদি কোষবিশিষ্ট এককোষী এবং আপুর্বীক্ষণিক জীব।

এদের কোষে ক্রোমাটিন বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নাই। এদের কোষে প্লাস্টিড ও অন্যান্য কোষ অঙ্গাণু নাই কিন্তু রাইবোজোম আছে। এরা দ্বিবিভাজন প্রক্রিয়ায় কোষ বিভাজন করে বংশবৃদ্ধি করে। শোষণ পদ্ধতিতে মৃতজীবি বা পরজীবি হিসেবে এরা খাদ্য গ্রহণ করে। এই সকল বৈশিষ্ট্য থাকার জন্য এদেরকে রাজ্য-মনেরা এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

ঘ. উদ্ভীপকে উল্লিখিত জীবদুটির মধ্যে একটি ব্যাক্টেরিয়া অপরটি ফানজাই যাদের অর্থনৈতিক গুরুত্ব অনেক।

ব্যাকটেরিয়া একদিকে যেমন ব্যাপক ক্ষতি করে অপরদিকে আমাদের বহু উপকার করে। ক্ষতিকর দিক হলো এরা আমাদের দেহে, গবাদি পশুর এবং ফসলাদির রোগ সৃষ্টি করে। উপকারী দিক হলো ব্যাকটেরিয়া চিকিৎসা ক্ষেত্রে, কৃষিক্ষেত্রে, শিল্পক্ষেত্রে ও পরিবেশ উন্নয়নে নানাভাবে উপকার করে। অনেক জীবন রক্ষাকারী ঔষধ ও আমরা যে সুস্বাদু দুই, পনির, মাখন খাই তা কিছু ব্যাকটেরিয়ার সাহায্যে তৈরি হয়।

ফানজাই এর অর্থনৈতিক গুরুত্ব অনেক। ফানজাই আমাদের উপকার ও অপকার দুটিই করে। এরা উদ্ভিদ ও আমাদের ব্যবহারিক জিনিস ও খাবার নষ্ট করে ক্ষতি করে। তবে উপকারই বেশি করে যেমন মাটির উর্বরতা বৃদ্ধি, বিভিন্ন রকমের জৈব এসিড, অ্যান্টিবায়োটিক ইত্যাদি প্রস্তুত করে।

সুতরাং, উপরের আলোচনা থেকে এটা স্পষ্ট যে, উদ্ভীপকের উদ্ভিদ দুটি অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রামিসা ও আদিব ক্লাস শেষে পুকুরের পাশ দিয়ে যাওয়ার সময় রামিসা আদিবকে বলল, এটা শাপলা ফুল। তখন আদিব বলল, না এটা শালুক ফুল। পরের দিন শিক্ষক ক্লাসে তাদের বিতর্কের বিষয়টা সমাধান করলেন। পুকুরে শৈবালের মতো দেখতে নীল রঙের এক ধরনের উদ্ভিদও জন্মে ছিল। রামিসা বলল, এ ধরনের জন্মে থাকা পানিতেই মশার বংশবিস্তার ঘটে এবং ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঘটে।

- | | |
|--|---|
| ক. ফানজাই রাজ্যের জীবদের বংশবৃদ্ধি ঘটে কী দিয়ে? | ১ |
| খ. তোমার বৈজ্ঞানিক নাম রোমান অক্ষরে কীভাবে লিখবে? | ২ |
| গ. উদ্ভীপকে রামিসা ও আদিবের বিতর্ক শিক্ষক কিসের ভিত্তিতে সমাধান করে দিলেন? ব্যাখ্যাসহ লেখ। | ৩ |
| ঘ. পুকুরে আরও যে দুইটি জীব ছিল, জীবজগতে তাদের অবস্থান ভিন্ন বিশ্লেষণ কর। | ৪ |

◀ ৭নং প্রশ্নের উত্তর ▶

ক. ফানজাই রাজ্যের জীবদের বংশবৃদ্ধি ঘটে হ্যাপ্লয়েড স্পোর দিয়ে।

খ. বৈজ্ঞানিক নাম সব সময় ইটালিক অক্ষরে লিখতে হয়। কিন্তু হাতে লেখার সময় গণ ও প্রজাতির নামের নিচে আলাদা আলাদা দাগ দিতে হয়। মানুষের বৈজ্ঞানিক নাম রোমান হরফে এভাবে লিখবে—

Homo sapiens

গ. উদ্ভীপকে রামিসা ও আদিবের বিতর্ক হয়েছিল শাপলা ফুলের নাম নিয়ে। শিক্ষক তাদের বলেছিলেন উদ্ভিদের নাম International Code of Botanical Nomenclature (ICBN) কর্তৃক স্বীকৃত নিয়মানুসারে হতে হবে।

এক্ষেত্রে একটি জীবের বৈজ্ঞানিক নাম দুটি অংশ নিয়ে গঠিত হয়। দুটি পদ বা অংশ নিয়ে গঠিত নামকে দ্বিপদ নাম এবং এই নামকরণের প্রক্রিয়াকে দ্বিপদ নামকরণ পদ্ধতি বলে। নামকরণ ল্যাটিন শব্দে হওয়ায় কোনো জীবের বৈজ্ঞানিক নাম সারা বিশ্বে একই নামে পরিচিত হয়। তাদেরকে শিক্ষক বলেছিলেন তোমরা দুজনেই সঠিক নাম বলেছ কারণ শাপলা ও শালুক স্থানীয় নাম। কিন্তু সারা বিশ্বে এটি *Nymphaea nouchali* নামে পরিচিত। *Nymphaea* গণ নাম এবং *nouchali* প্রজাতিক নাম।

এভাবে শিক্ষক ICBN এর ভিত্তিতে রামিসা ও আদিবের বিতর্ক সমাধান করে দিলেন।

ঘ. পুকুরে আরও যে দুইটি জীব ছিল তারা হলো নীল রঙের শৈবাল *Nostoc* এবং ম্যালেরিয়ার জীবাণু। জীবজগতে এদের অবস্থান ভিন্ন ভিন্ন।


Nostoc নীলাভ সবুজ শৈবাল। এরা কিংডম প্রোক্যারিওটের অন্তর্ভুক্ত। কারণ এরা আদিকোষ বিশিষ্ট এবং আণুবীক্ষণিক দেহ ফিলামেন্টাস এবং কলোনিয়াল। এদের কোষে পর্দা ও নিউক্লিওলাস নাই। রাইসেবাসোম ছাড়া অন্য কোনো কোষ অঙ্গাণু এদের কোষে নাই। প্রধানত শোষণ পদ্ধতিতে খাদ্যগ্রহণ করে। তাই এদেরকে রাজ্য মনেরার (Monera) অন্তর্ভুক্ত করা হয়েছে।

মশাবাহিত ম্যালেরিয়া রোগ *Plasmodium vivax* জীবাণু দ্বারা ঘটে। এদের সুপার কিংডম ইউক্যারিওটের অন্তর্ভুক্ত করা হয়েছে। কারণ এরা এককোষী এবং এদের কোষে নিউক্লিয়ার পর্দা আবৃত ও নিউক্লিওলাসযুক্ত প্রকৃত নিউক্লিয়াস আছে।

কোষে সকল কোষ অঙ্গাণু থাকে। মাইটোসিস কোষ বিভাজন দ্বারা অযৌন এবং কনজুগেশনের মাধ্যমে যৌন প্রজনন ঘটে। এরা পরজীবি এবং শোষণ প্রক্রিয়ায় খাদ্য গ্রহণ করে। তাই *Plasmodium* কে রাজ্য প্রোটিস্টার অন্তর্ভুক্ত করা হয়েছে।

উপরের আলোচনা থেকে বুঝা যায় *Nostoc* এবং *Plasmodium* এর বৈশিষ্ট্যের ভিন্নতার কারণে জীবজগতে তাদের জগৎ ও রাজ্য অর্থাৎ শ্রেণিগত অবস্থান ভিন্ন।

নিচের উদ্ভীপকটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. কেমোসিনথেটিক কী? ১
- খ. মাইটোকন্ড্রিয়াকে কোষের পাওয়ার হাউস বলা হয় কেন? ২
- গ. উদ্ভীপকের ছকে A ও B এর মধ্যে পার্থক্যগুলি লেখ। ৩
- ঘ. ছকে A ও D এর মধ্যে কোনটি উন্নত? ব্যাখ্যাসহ লেখ। ৪

▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. কেমোসিনথেটিক হচ্ছে মনেরা রাজ্যের কতগুলি জীবের খাদ্য প্রস্তুত পদ্ধতি।
- খ. মাইটোকন্ড্রিয়া শ্বসনে অংশগ্রহণকারী একটি কোষ অঙ্গাণু। শ্বসনের গুরুত্বপূর্ণ ধাপ ক্রেবস চক্রের বিক্রিয়াগুলো এ অঙ্গাণুর মধ্যে সম্পন্ন হয় এবং রাসায়নিক শক্তি ATP উৎপাদিত হয়। এজন্য মাইটোকন্ড্রিয়াকে কোষের পাওয়ার হাউস বা শক্তি উৎপাদন কেন্দ্র বলা হয়।
- গ. উদ্ভীপকে A কে বুঝানো হয়েছে প্রোক্যারিওটা রাজ্য-১ মনোরাকে এবং B কে বুঝানো হয়েছে ইউক্যারিওটার রাজ্য-২ প্রোটিস্টা-কে। এদের পার্থক্যগুলো নিচে উল্লেখ করা হলো-

মনেরা	প্রোটিস্টা
১. এরা সকলে এককোষী।	১. এরা এককোষী ও বহুকোষী।
২. কোষে ক্রোমাটিন বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নাই।	২. কোষে ক্রোমাটিন বস্তু, নিউক্লিয়ার পর্দা আবৃত এবং নিউক্লিওলাস থাকে।
৩. কোষে রাইবোসোম ছাড়া অন্য কোনো কোষ অঙ্গাণু থাকে না।	৩. কোষে সকল ধরনের কোষ অঙ্গাণু থাকে।
৪. শোষণ পদ্ধতিতে খাদ্য গ্রহণ করে এবং পরভোজী।	৪. শোষণ ও ফটোসিনথেটিক পদ্ধতিতে খাদ্য গ্রহণ ঘটে। এরা পরভোজী এবং স্বভোজী।
৫. দ্বিবিভাজন প্রক্রিয়ায় কোষ বিভাজন হয়ে বংশ বৃদ্ধি করে।	৫. যৌন ও অযৌন প্রক্রিয়ায় প্রজনন ঘটে বংশ বৃদ্ধি করে।

- ঘ. ছকে A কে বুঝানো হয়েছে রাজ্য-১ মনোরাকে এবং D কে বুঝানো হয়েছে রাজ্য-৪ প্রোটিস্টা-কে। এই দুটি রাজ্যের মধ্যে রাজ্য প্রান্তির উদ্ভিদগোষ্ঠী উন্নত। কারণ মনোরার জীবগুলির কোষে কোনো সুগঠিত নিউক্লিয়াস নাই। কোষে ক্রোমাটিন বস্তু আছে কিন্তু কোনো নিউক্লিওলাস এবং নিউক্লিয়ার পর্দা নাই। এরা এককোষী। কোষে রাইবোসোম ছাড়া আর কোনো কোষ অঙ্গাণু নাই। দ্বিবিভাজন পদ্ধতি দ্বারা কোষ বিভাজন হয়ে বংশ বৃদ্ধি করে। এরা পরভোজী এবং হ্যাপ্লয়েড। এগুলো প্রাচীন জীবের বৈশিষ্ট্য।

অপরদিকে, রাজ্য প্রান্তির উদ্ভিদ কুলের কোষ প্রকৃত নিউক্লিয়াস যুক্ত এবং সকল কোষ অঙ্গাণু উপস্থিত। এরা সালোকসংশ্লেষণকারী উদ্ভিদ। এদের দেহে উন্নত টিস্যুতন্ত্র বিদ্যমান। উদ্ভিদটি ডিপ্লয়েড। এরা পুষ্পক ও আর্কিগনিয়েট উদ্ভিদ। যৌন জননে দুই ধরনের জনন কোষ উৎপন্ন হয়। জনন কোষের মিলনের ফলে জাইগোট থেকে ভ্রূণের মাধ্যমে সমূল উদ্ভিদ উৎপন্ন হয়। এগুলো উন্নত উদ্ভিদের বৈশিষ্ট্য।

সুতরাং উপরের আলোচনা থেকে বোঝা যায় রাজ্য-প্রোটিস্টা উদ্ভিদগোষ্ঠীর মধ্যে উন্নত উদ্ভিদ।

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

বিজ্ঞানের প্রধান দুটি শাখা হচ্ছে-জীববিজ্ঞান ও জড়বিজ্ঞান। তবে উভয় শাখার মধ্যে জীববিজ্ঞানের প্রাধান্য অনেক বেশি। কারণ জীববিজ্ঞানের মৌলিক ও ফলিত শাখাসমূহ মানবকল্যাণে বিশেষ অবদান রাখছে।

- | | |
|--|---|
| ক. ধানের বৈজ্ঞানিক নাম কী? | ১ |
| খ. জীবের শ্রেণিবিন্যাসের জন্য Code স্বীকৃত এককগুলো ধারাবাহিকভাবে লেখ। | ২ |
| গ. উদ্ভীপকের জীবনসম্পৃক্ত বিজ্ঞানের প্রধান শাখাসমূহ উল্লেখপূর্বক জীবনসম্পৃষ্ট শাখা সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. মানবকল্যাণে উদ্ভীপকে আলোচ্য শেযোক্ত শাখার গুরুত্ব বিশ্লেষণ কর। | ৪ |

▶▶ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. ধানের বৈজ্ঞানিক নাম Oryza sativa.
- খ. Code স্বীকৃত জীবের শ্রেণিবিন্যাসের এককগুলো হলো
- জগৎ (Kingdom)
- পর্ব (Phylum)/ বিভাগ (Division)
- শ্রেণি (Class)
- বর্গ (Order)
- গোত্র (Family)
- গণ (Genus)
- প্রজাতি (Species)

গ. উদ্ভীপকে জীবনসম্পৃক্ত বিজ্ঞানের প্রধান শাখাসমূহ হলো- শারীরবিদ্যা, হিস্টোলজি, ভূণবিদ্যা, কোষবিদ্যা ও বংশগতিবিদ্যা। আমাদের জীবনের প্রতিটি পদক্ষেপে কোষের অবদান অনস্বীকার্য। কোষ দেহ গঠন করে। কতগুলি কোষ এক সাথে টিসু গঠন করে দেহের অঙ্গ-প্রত্যঙ্গ গঠন করে। হাঁটাচলার সময় পা পরিচালনা করে আমাদের পেশি, পেশিকে চালনা করে স্নায়ুতন্ত্র; রক্ত সংবহন তন্ত্র পেশিতে রক্ত সঞ্চালনের মাধ্যমে অক্সিজেন, পুষ্টি ও শক্তি জোগায়। প্রাণীরা সবুজ উদ্ভিদ দ্বারা উৎপাদিত খাদ্য ও অক্সিজেন পেয়ে থাকে। প্রাণী ও উদ্ভিদ বংশবিস্তার করে প্রজনন দ্বারা এবং বৈশিষ্ট্য এক বংশধর থেকে অপর বংশধরে সঞ্চালিত হয়। এসব কিছু জীবকুলে কিভাবে ঘটছে তা উপরে উল্লিখিত জীববিজ্ঞানের শাখাগুলি থেকে জানা যায়।

ঘ. উদ্ভীপকে শেযোক্ত যে শাখার কথা বলা হয়েছে সেটি জীববিজ্ঞানের ফলিত শাখা।

মানবকল্যাণে ফলিত বিজ্ঞানের যে শাখাগুলো অবদান রাখছে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- মৎস্যবিজ্ঞান, কীটতত্ত্ব, অণুজীববিজ্ঞান, কৃষি বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রাণ রসায়ন, সমুদ্র বিজ্ঞান, জিন প্রযুক্তি, জীবপ্রযুক্তি ও বায়োইনফরমেটিকস। তবে ফলিত বিজ্ঞানের শাখাগুলোর মধ্যে বর্তমান যুগে জীব প্রযুক্তির মাধ্যমে উপরে উল্লিখিত শাখাগুলোর উন্নয়নের দ্বারা মানবকল্যাণের নতুন দিক উন্মোচিত হয়েছে। জীবপ্রযুক্তি বর্তমানে চিকিৎসা বিজ্ঞান, কৃষি ক্ষেত্রে, শিল্পক্ষেত্রে, পরিবেশ রক্ষায়, উন্নত আবাদিবস্তু উৎপাদনে, অল্পস্থানে চারা উৎপাদনে ও দুগ্ধজাত দ্রব্যাদি প্রস্তুতিতে অবদান রাখছে।

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-A

- | | |
|--|---|
| ক. ভৌত জীববিজ্ঞানে কী নিয়ে আলোচনা করা হয়? | ১ |
| খ. গণ ও প্রজাতির মধ্যে ২টি পার্থক্য লেখ। | ২ |
| গ. Margulis এর শ্রেণিবিন্যাস অনুসারে A জীবাটর অবস্থান ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. উদ্ভীপকের জীবাটর নামকরণের ক্ষেত্রে তুমি কী কী নিয়মকানুন মেনে চলবে বিশ্লেষণ কর। | ৪ |

▶▶ ১০নং প্রশ্নের উত্তর ▶▶

ক. ভৌত জীববিজ্ঞানে তত্ত্বীয় বিষয় নিয়ে আলোচনা করা হয়।

খ. গণ ও প্রজাতির মধ্যে দুটি পার্থক্য হলো :

গণ	প্রজাতি
১. গণ হলো দ্বিপদ নামের ১ম অংশ।	১. প্রজাতি হলো দ্বিপদ নামের ২য় অংশ।
২. গণ অংশের প্রথম অক্ষর বড় হাতের অক্ষর হয়, বাকিগুলো ছোট অক্ষর হয়।	২. প্রজাতি অংশের নাম ছোট হাতের অক্ষর দিয়ে লিখতে হয়।

গ. Margulis এর শ্রেণিবিন্যাস অনুসারে চিত্রের-A জীবটি অর্থাৎ মৌমাছিকে অ্যানিমেলিয়া রাজ্যে স্থান দেয়া হয়েছে। তিনি জীবজগতকে দুটি সুপার কিংডমে ভাগ করেন এবং পাঁচটি জগৎকে এ সুপার কিংডমের আওতাভুক্ত করেন।


অ্যানিমেলিয়া রাজ্যের প্রাণীরা নিউক্লিয়াস বিশিষ্ট বহুকোষী প্রাণী। এদের উন্নত টিস্যুতন্ত্র বিদ্যমান। এদের জুগ সৃষ্টি হয় এবং তা থেকে ডিপ্লয়েড পযায়ের শুরু হয়। এরা প্রধানত যৌন জননের মাধ্যমে বংশবৃদ্ধি করে। পরিণত ডিপ্লয়েড পুরুষ ও স্ত্রী প্রাণীর জননাজ্ঞা থেকে হ্যাপ্লয়েড গ্যামেট উৎপন্ন হয়। জুগ বিকাশকালীন সময়ে জুগীয় স্তর সৃষ্টি হয়। অ্যানিমেলিয়া রাজ্যের এসব বৈশিষ্ট্য মৌমাছির দেহে বিদ্যমান থাকে বলেই একে Margulis অ্যানিমেলিয়া রাজ্যে অবস্থান দিয়েছেন।

ঘ. উদ্ভীপকের জীবটি হলো মৌমাছি *Apis indica*। এটি অ্যানিমেলিয়া রাজ্যের প্রাণী। এ জীবটির নামকরণের ক্ষেত্রে আমি যে যে নিয়মকানুন মেনে চলব সেগুলো হলো—

১. নামকরণে ল্যাটিন শব্দ অথবা ল্যাটিনে রূপান্তরিত শব্দ ব্যবহার করব।
২. বৈজ্ঞানিক নামের দুটি অংশের প্রথমটি গণ এবং দ্বিতীয় অংশ প্রজাতি নাম লিখব। যেমন : *Apis indica*। এটি মৌমাছির বৈজ্ঞানিক নাম, এখানে *Apis* গণ এবং *indica* প্রজাতিক পদ।
৩. বৈজ্ঞানিক নামের প্রথম অংশের প্রথম অক্ষর ইংরেজি বড় অক্ষর করব। বাকি অক্ষরগুলো ছোট হরফে এবং দ্বিতীয় অংশটির নাম ছোট অক্ষর দিয়ে লিখব।
৪. বৈজ্ঞানিক নাম মুদ্রণের সময় সর্বদা ইটালিক অক্ষরে লিখব।
৫. হাতে লেখার সময় গণ ও প্রজাতির নামের নিচে আলাদা আলাদা দাগ দিব।
৬. যদি কয়েকজন বিজ্ঞানী একই জীবকে বিভিন্ন নামকরণ করেন তবে অগ্রাধিকার আইন অনুসারে প্রথম বিজ্ঞানী কর্তৃক প্রদত্ত নামটি গ্রহণ করব।
৭. যিনি প্রথম কোনো জীবের বিজ্ঞান সম্মত নাম দিবেন তার নাম সনদসহ উক্ত জীবের বৈজ্ঞানিক নামের শেষে সংক্ষেপে সংযোজন করব। যেমন : *Apis indica*. L। এখানে অর্থ Linnaeus.

উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, জীবটির অর্থাৎ মৌমাছির নামকরণে উক্ত নিয়মগুলো আমি মেনে চলব।

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



- | | |
|---|---|
| ক. শ্রেণিবিন্যাসের ধাপ কয়টি? | ১ |
| খ. 'ক' জীবের কী ধরনের কোষ বিভাজন দেখা যায়? | ২ |
| গ. 'ক' কোন রাজ্যের অন্তর্ভুক্ত? রাজ্যটির বৈশিষ্ট্য উল্লেখ কর। | ৩ |
| ঘ. 'X' চিহ্নিত অংশটির অনুপস্থিতিতে জীবদেহে কী ধরনের সমস্যা দেখা দিবে বিশ্লেষণ কর। | ৪ |

▶◀ ১১নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. শ্রেণিবিন্যাসের ধাপ মূলত ৭টি।
- খ. উদ্দীপকে উল্লিখিত “ক” জীবাণি নীলাভ সবুজ শৈবাল।
এরা প্রোক্যারিওটিক জীব, এদের কোষে দ্বিবিভাজন প্রক্রিয়া দেখা যায়।
- গ. উদ্দীপকে উল্লিখিত ‘ক’ হলো নীলাভ সবুজ শৈবাল। এরা প্রোক্যারিওটিক জীব এবং মনেরা রাজ্যের অন্তর্গত।
এরা এককোষী, ফিলামেন্টাস, কলোনিয়াল বা মাইসেলিয়াম। কোষে ক্রোমাটিন বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নেই। এদের কোষে প্লাস্টিড, মাইটোকন্ড্রিয়া, এন্ডোপ্লাজমিক জালিকা ইত্যাদি নেই। কিন্তু রাইবোসোম আছে। কোষ বিভাজন দ্বিবিভাজন প্রক্রিয়ায় সম্পন্ন হয়। প্রধানত শোষণ পদ্ধতিতে খাদ্য গ্রহণ করে। তবে কেউ কেউ ফটোসিনথেটিক বা সালোকসংশ্লেষণ পদ্ধতিতে খাদ্য প্রস্তুত করে।
- ঘ. উদ্দীপকে চিহ্নিত “X” অংশটি হলো পাতা যার অনুপস্থিতিতে জীবজগতে ভারসাম্যহীনতা দেখা দিবে। পাতার মাধ্যমে উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করে। পাতার মেসোফিল টিস্যু সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার প্রধান স্থান। স্থলজ সবুজ উদ্ভিদ মাটি থেকে মূল দিয়ে পানি শোষণ করে পাতায় মেসোফিল টিস্যুর ক্লোরোপ্লাস্টে পৌঁছায় এবং পত্ররশ্মির মাধ্যমে বায়ু থেকে CO₂ গ্রহণ করে যা মেসোফিল টিস্যুর ক্লোরোপ্লাস্টে পৌঁছে।
উদ্ভিদে X অংশটি না থাকলে জীবদেহে নানা প্রকার সমস্যা দেখা দিবে এবং জীবজগৎ ধ্বংস হয়ে যাবে। উদ্ভিদে X অংশটি না থাকলে উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে না। ফলে বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় বিপাকীয় কাজ সম্পন্ন করতে পারবে না এবং খাদ্য প্রস্তুত করতে পারবে না। উদ্ভিদ এর খাদ্যের উপর নির্ভরশীল মানবজাতি ও জীবকুলের অস্তিত্ব বিলীন হয়ে যাবে।
অপরদিকে উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার মাধ্যমে যে O₂ বাতাসে ত্যাগ করে তার ঘাটতি হবে এবং বায়ুমন্ডলে CO₂ এর পরিমাণ বাড়তে থাকবে। ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হবে। উদ্ভিদ ও প্রাণীর শ্বসন ক্রিয়া বন্ধ হয়ে যাবে।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রাতুল জীববিজ্ঞানে প্রথম অধ্যায় পাঠ করে জীববিজ্ঞানের ভৌত শাখার সম্পর্কে জানতে পারে। বিভিন্ন বিজ্ঞানীর অবদান ও কাজের মাধ্যমে আজ আমরা পেয়েছি জীববিজ্ঞানের বিভিন্ন ফলিত শাখা।

- ক. ফলিত শাখা কাকে বলে? ১
- খ. শৈবাল খাদ্য উৎপাদন করতে পারে কেন? ২
- গ. উদ্দীপকের ভৌত শাখাসমূহের মাধ্যমে আমরা যা জানতে পারি তা বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকের শেষে উল্লিখিত শাখার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

▶◀ ১২নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. প্রায়োগিক বিষয়সমূহ বিজ্ঞানের যে শাখার অন্তর্ভুক্ত সে শাখাকে ফলিত শাখা বলে।
- খ. শৈবালের কোষে ক্লোরোফিলযুক্ত প্লাস্টিড থাকে বলে এরা নিজেদের খাদ্য উৎপাদন করতে পারে।
শৈবাল প্রকৃত নিউক্লিয়াসযুক্ত সালোকসংশ্লেষণকারী উদ্ভিদ। এদের দেহকোষে বিদ্যমান সবুজ ক্লোরোফিলযুক্ত বর্ণকণিকা সূর্যের আলোর সাথে সালোকসংশ্লেষণ বিক্রিয়া করে। তাই শৈবাল খাদ্য উৎপাদন করতে পারে।
- গ. উদ্দীপকে জীববিজ্ঞানের ভৌত শাখাসমূহ থেকে আমরা যা জানতে পারি সেগুলো হলো :
১. অঙ্গসংস্থান : এ শাখায় জীবের সার্বিক অঙ্গসংস্থানিক গঠন যেমন বহিঃঅঙ্গসংস্থান অর্থাৎ বাহ্যিক গঠন এবং অন্তঃঅঙ্গসংস্থান অর্থাৎ দেহের অভ্যন্তরীণ গঠন সম্বন্ধে জানা যায়।
 ২. ট্যাক্সোনমি : এ শাখার মাধ্যমে জীবের শ্রেণিবিন্যাস সম্বন্ধে জানা যায়।
 ৩. শারীরবিদ্যা : এ শাখায় জীবের যাবতীয় শারীরবৃত্তীয় কাজগুলো সম্বন্ধে জানা যায়।
 ৪. হিস্টোলজি : জীবদেহের টিস্যুসমূহ সম্বন্ধে জানা যায়।
 ৫. ভূবিদ্যা : এ শাখায় জীবের ভূগের পরিস্ফুটন সম্পর্কে জানা যায়।
 ৬. কোষবিদ্যা : এ শাখায় জীবদেহের কোষের গঠন ও বিভাজন সম্বন্ধে জানা যায়।
 ৭. জেনেটিক্স : এ শাখায় জিন ও বংশগতি সম্বন্ধে জানা যায়।
 ৮. বিবর্তনবিদ্যা : জীবের বিবর্তন সম্বন্ধে জানা যায়।
 ৯. বায়ুবিদ্যা : এ শাখায় পরিবেশের সাথে জীবের সম্পর্ক সম্বন্ধে জানা যায়।
 ১০. এন্ডোক্রাইনোলজি : এ শাখায় জীবদেহের হরমোন সম্বন্ধে জানা যায়।

১১. জীবভূগোল : এ শাখায় জীবের ভৌগোলিক বিস্তার সম্বন্ধে জানা যায়।

ঘ. উদ্ভিদপত্রের শেষে জীববিজ্ঞানের ফলিত শাখার অবদানের কথা বলা হয়েছে। জীবন সংশ্লিষ্ট প্রায়োগিক বিষয়সমূহ এ শাখার অন্তর্ভুক্ত। জীববিজ্ঞানের ফলিত যে শাখাগুলোতে বিজ্ঞানীরা গবেষণার মাধ্যমে যে অবদান রেখেছেন এবং যার ফসল আমরা ভোগ করছি তার মধ্যে উল্লেখযোগ্য হলো—

(১) মৎস্য বিজ্ঞান; (২) কীটতত্ত্ব; (৩) কৃষিবিজ্ঞান; (৪) চিকিৎসা বিজ্ঞান; (৫) জিনপ্রযুক্তি; (৬) পরিবেশবিজ্ঞান; (৭) প্রাণরসায়ন; (৮) সমুদ্রবিজ্ঞান; (৯) জীবপ্রযুক্তি; (১০) বন্যপ্রাণবিদ্যা ও (১১) বায়োইনফরমেটিকস। এগুলোর মধ্যে জীবপ্রযুক্তি ও জিন প্রযুক্তি জীববিজ্ঞানের বিভিন্ন শাখার বাস্তব সমস্যা সমাধানের নতন দিগন্ত খুলে দিয়েছে। মানুষের স্বাস্থ্য উন্নয়নে, উন্নততর ফসল উৎপাদন ও পরিমাণ বৃদ্ধি, পরিবেশ রক্ষায়, চিকিৎসা ক্ষেত্রে, মৎস্য উন্নয়নে, উন্নত প্রাণী উৎপাদনে এই প্রযুক্তি ব্যাপক সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। আজ আমাদের জীবনের উন্নয়নের যে দ্বার উন্মোচিত হয়েছে তার সব কৃতিত্ব বিজ্ঞানীদের। তাদের নিরলস গবেষণা বিভিন্ন বাস্তব সমস্যা সমাধানে ব্যবহৃত হচ্ছে।

নিচের উদ্ভিদপত্র পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

উদ্ভিদবিজ্ঞান বিভাগের অনার্স শেষ বর্ষের ছাত্রী হ্যাপি। ব্যবহারিক ক্লাসের জন্য সে নীলাভ সবুজ শৈবাল, ডায়াটম ও স্পাইরোগাইরার নমুনা সংগ্রহ করল।

- | | |
|---|---|
| ক. ICBN এর পূর্ণরূপ কী? | ১ |
| খ. প্রোক্যারিওটা ও ইউক্যারিওটা বলতে কী বোঝায়? | ২ |
| গ. হ্যাপির সংগৃহীত উদ্ভিদগুলোর রাজ্যের নাম উল্লেখ করে দুটি করে বৈশিষ্ট্য বর্ণনা কর। | ৩ |
| ঘ. উদ্ভিদপত্র উল্লিখিত উদ্ভিদগুলোর মধ্যে গঠনগত দিক থেকে কোনটি উন্নত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। | ৪ |

▶◀ ১৩নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ICBN এর পূর্ণরূপ International Code of Botanical Nomenclature.

খ. সুগঠিত নিউক্লিয়াসবিহীন কোষকে প্রোক্যারিওটা বলে। যেমন— ব্যাকটেরিয়ার কোষ।

সুগঠিত নিউক্লিয়াসযুক্ত কোষকে প্রকৃত কোষ বা ইউক্যারিওটা বলে। যেমন— উন্নত জীবের কোষ।

গ. হ্যাপি ব্যবহারিক ক্লাসের জন্য নীলাভ সবুজ শৈবাল ডায়াটম এবং স্পাইরোগাইরা সংগ্রহ করেছিল যা তিনটি ভিন্ন রাজ্যের অন্তর্ভুক্ত এবং এদের বৈশিষ্ট্য ভিন্ন ভিন্ন। নীলাভ সবুজ শৈবাল, মনেরা রাজ্যের অন্তর্ভুক্ত। এরা এককোষী, ফিলামেন্টাস, কলোনিয়াল বা মাইসেলিয়াম, কোষে ক্রোমাটিন, বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নেই।

ডায়াটম প্রোটিস্টা রাজ্যের অন্তর্ভুক্ত। এরা এককোষী বা বহুকোষী, একক বা কলোনিয়াল বা ফিলামেন্টাস এবং সুগঠিত নিউক্লিয়াস বিশিষ্ট। কোষে ক্রোমাটিন বস্তু নিউক্লিয়ার পর্দা দ্বারা পরিবৃত্ত থাকে। ক্রোমাটিন বস্তুতে DNA, RNA ও প্রোটিন থাকে।

স্পাইরোগাইরা বা বহুকোষী শৈবাল প্লানট রাজ্যের অন্তর্ভুক্ত। এরা প্রকৃত নিউক্লিয়াসযুক্ত সালোকসংশ্লেষণকারী উদ্ভিদ। এদের উন্নত টিস্যুতন্ত্র বিদ্যমান, এদের ভ্রূণ সৃষ্টি হয় এবং তা হতে ডিপ্লয়েড পর্যায় শুরু হয়।

ঘ. উদ্ভিদপত্র উল্লিখিত উদ্ভিদগুলো হলো নীল ও সবুজ শৈবাল, ডায়াটম ও স্পাইরোগাইরা। এদের মধ্যে গঠনগত দিক হতে উন্নত হলো স্পাইরোগাইরা।

স্পাইরোগাইরা প্রকৃত নিউক্লিয়াসযুক্ত সালোকসংশ্লেষণকারী উদ্ভিদ। এদের উন্নত টিস্যুতন্ত্র বিদ্যমান। প্রত্যেকটি কোষেই তিনস্তর বিশিষ্ট কোষ প্রাচীর আছে। কোষের উল্লেখযোগ্য বস্তু হলো প্রোস্টিভ বা ক্লোরোপ্লাস্ট। এরা সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য তৈরি করে অর্থাৎ এরা স্বভোজী। এদের ভ্রূণ সৃষ্টি হয় এবং তা হতে ডিপ্লয়েড পর্যায় শুরু হয়। স্পাইরোগাইরা তিন প্রকারে বংশবৃদ্ধি করে থাকে। অজঙ্গ জনন, যৌন জনন এবং অযৌন জনন। এদের যৌন জনন অ্যানাইসোগ্যামাস ধরনের। এরা আর্কিগোনিয়োট ও পুষ্পক উদ্ভিদ। এই উদ্ভিদ জলজ পরিবেশে খাদ্যচক্র প্রাথমিক উৎপাদক হিসেবে কাজ করে। এই উদ্ভিদ প্রোটিন, ভিটামিন A ও E সমৃদ্ধ তাই মানুষের খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। এটি পশুখাদ্য হিসেবেও ব্যবহৃত হয়।

উপরিউক্ত আলোচনা থেকে বলতে পারি নীলাভ সবুজ শৈবাল, ডায়াটম ও স্পাইরোগাইরার মধ্যে স্পাইরোগাইরাই উন্নত।

নিচের উদ্ভিদপত্র পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

ইভা গ্রীষ্মের ছুটিতে দাদার বাড়িতে বেড়াতে গেল। আম, কাঁঠালসহ প্রচুর ফলফলাদি খেল। সে হঠাৎ দেখল কিছু ফলে পচন ধরেছে। সে তার জীববিজ্ঞান স্যারকে বিষয়টি বলায় স্যার বললেন যে এক প্রকার এককোষী প্রাককেন্দ্রিক আণুবীক্ষণিক জীব তার জন্য দায়ী।

- | | |
|--|---|
| ক. ফলিত শাখা বলতে কী বোঝায়? | ১ |
| খ. ক্যারোলাস লিনিয়াসকে দ্বিপদ নামকরণের জনক বলা হয় কেন? | ২ |
| গ. উদ্ভিদপত্রের ফলগুলোর বৈজ্ঞানিক নাম উল্লেখপূর্বক তার নীতিগুলো বর্ণনা কর। | ৩ |
| ঘ. উদ্ভিদপত্রের ফলগুলো পচনের জন্য দায়ী জীবাণুর জগতের বৈশিষ্ট্যসহ গুরুত্ব লেখ। | ৪ |

- ক. জীববিজ্ঞানের মৌলিক শিক্ষার জ্ঞানকে কাজে লাগিয়ে মানবকল্যাণের উদ্দেশ্যে যেসব প্রয়োগিক শাখার সৃষ্টি হয়েছে তাকে ফলিত শাখা বলে।
- খ. সুইডিশ বিজ্ঞানী ক্যারোলাস লিনিয়াস তার Systema Naturae গ্রন্থের ১০ সংস্করণের দ্বিপদ নামকরণ নীতি প্রবর্তন করেন এবং গণ ও প্রজাতির সংজ্ঞা দেন। তিনিই প্রথম ঐ গ্রন্থে জীবের পর্ব, শ্রেণি, বর্গ, পাত্র, গণ এবং প্রজাতির ধাপগুলো ব্যবহার করেন। এজন্যই তাঁকে দ্বিপদ নামকরণের জনক বলা হয়।
- গ. উদ্ভীপকের ফলগুলো হলো আম ও কাঁঠাল।
আমের বৈজ্ঞানিক নাম *Mangifera indica* আর কাঁঠালের বৈজ্ঞানিক *Artocarpus heterophyllus*. এই বৈজ্ঞানিক নামকরণে ICBN কর্তৃক কিছু সুনির্দিষ্ট নীতি রয়েছে। নীতিগুলো হলো—
১. নামকরণে অবশ্যই ল্যাটিন শব্দ ব্যবহার করতে হবে।
 ২. বৈজ্ঞানিক নামের দুটি অংশ থাকবে, প্রথম অংশটি গণ নাম এবং দ্বিতীয় অংশটি প্রজাতির নাম। যেমন : *Mangifera indica* এটি আমের বৈজ্ঞানিক নাম, এখানে *Mangifera* গণ নাম এবং *indica* প্রজাতি নাম।
 ৩. জীবজগতে প্রতিটি বৈজ্ঞানিক নামকে অনন্য হতে হয়। কারণ একই নাম দুটি পৃথক জীবের জন্য ব্যবহারের অনুমতি নেই।
 ৪. বৈজ্ঞানিক নামের প্রথম অংশের প্রথম অক্ষর ইংরেজি বড় অক্ষর হবে বাকি অক্ষরগুলো ছোট অক্ষর হবে এবং দ্বিতীয় অংশটির নাম ছোট অক্ষর দিয়ে লিখতে হবে।
যেমন : আম— *Mangifera indica*.
 ৫. বৈজ্ঞানিক নাম মূল্যের সময় সর্বদা ইটালিক অক্ষরে লিখতে হবে। যেমন : কাঁঠাল— *Artocarpus heterophyllus*
 ৬. হাতে লেখার সময় গণ ও প্রজাতির নামের নিচে আলাদা আলাদা দাগ দিতে হয়। যেমন : আম— *Mangifera indica*.
 ৭. যদি কয়েকজন বিজ্ঞানী একটি জীবের বিভিন্ন নামকরণ করে। তবে অধিকার আইন অনুসারে প্রথমে বিজ্ঞানী কর্তৃক প্রদত্ত নামটি গৃহীত হবে।
 ৮. যিনি প্রথম কোনো জীবের বিজ্ঞানসম্মত নাম দিবেন তার নাম অনুসৃত উক্ত জীবের বৈজ্ঞানিক নামের সাথে সংক্ষেপে সংযোজন করতে হবে।
- ঘ. উদ্ভীপকের ফলগুলো পচনের জন্য ব্যাকটেরিয়া দায়ী যা মনেরা জগতের অন্তর্ভুক্ত।
এর এককোষী, ফিলামেন্টাস, কলোনিয়াল বা মাইসেলিয়াল। কোষে ক্রোমাটিন বস্তু থাকে কিন্তু নিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নেই। এদের কোষে প্লাস্টিড, মাইটোকন্ড্রিয়া, এন্ডোপ্লাজমিক জালিকা ইত্যাদি নেই কিন্তু রাইবোসোম আছে। কোষ বিভাজন দ্বিবিভাজন প্রক্রিয়ায় সম্পন্ন হয়। প্রধানত শোষণ পদ্ধতিতে খাদ্যগ্রহণ করে। তবে কেউ কেউ ফটোসিনথেটিক বা কেমোসিনথেটিক (রাসায়নিক সংশ্লেষণ) পদ্ধতিতে খাদ্য প্রস্তুত করে। এই ব্যাকটেরিয়া মাটির উর্বরতা বৃদ্ধিতে অবদান রাখে। মাটি জৈব পদার্থ সঞ্চেয়ে ব্যাকটেরিয়ার প্রত্যক্ষ ভূমিকা আছে। ব্যাকটেরিয়া মাটির উপাদান হিসেবে কাজ করে। নানাবিধ আবর্জনা পচন প্রক্রিয়ার মাধ্যমে ব্যাকটেরিয়া মাটিতে জৈব সার তৈরি করে থাকে। অথকরী ফসল অর্থাৎ পাটগাছ থেকে ঔষ ছাড়ানোতে ব্যাকটেরিয়ার বিশেষ ভূমিকা রয়েছে। পানিতে বসবাসকারী ব্যাকটেরিয়া পাট গাছের মধ্যে ঢুকে যেসব রাসায়নিক দ্রব্য ঔষকে বাকলের মধ্যে আটকে রাখে সেগুলোকে তরল করে খাদ্য হিসেবে গ্রহণ করে। এতে ঔষগুলো আলাদা হয়ে যায়। এছাড়াও ব্যাকটেরিয়া হতে কলেরা, টাইফয়েড, যক্ষ্মা প্রভৃতি রোগের প্রতিষেধক প্রস্তুত করা হয়। ডিপথেরিয়া, হুপিংকাশি ও ধনুফংকার রোগের প্রতিষেধক ও ব্যাকটেরিয়া থেকে প্রস্তুত নডিউলে নাইট্রোজেন সংবলন করে ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।


সৃজনশীল প্রশ্নব্যাংক

জীববিজ্ঞান শিক্ষক জনাব মনোয়ার হোসেন নবম শ্রেণির ছাত্রদের নিয়ে বিদ্যালয়ের চারপাশের গাছগুলো পর্যবেক্ষণ করলেন। পরবর্তীতে তিনি একটি বিষয় নিয়ে আলোচনা করলেন যার জনক ক্যারোলাস লিনিয়াস। সবশেষে তিনি উক্ত বিজ্ঞানীর প্রবর্তিত নামকরণ পদ্ধতির গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করলেন।

- ক. মনোরা রাজ্যের জীবরা কোন পদ্ধতিতে খাদ্যগ্রহণ করে? ১
- খ. ইন্সটকে ফানজাই রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে কেন? ২
- গ. শিক্ষকের আলোচিত মূল বিষয়বস্তুর উদ্দেশ্য বর্ণনা কর। ৩
- ঘ. শিক্ষকের উল্লিখিত পদ্ধতিটি অধিক গ্রহণযোগ্য কেন? বিশ্লেষণ কর। ৪



চিত্র-I



চিত্র-II

- ক. ভাইরাস নিয়ে আলোচনা করা হয় কোন শাখায়? ১
- খ. জীবজগতকে জানতে শ্রেণিবিন্যাসের ভূমিকা কী? ২
- গ. চিত্র-II এর জীবটির নামকরণ পদ্ধতি কীরূপ? বর্ণনা কর। ৩
- ঘ. চিত্র-I ও II এর মধ্যে কোন জীবটি অধিক উন্নত বৈশিষ্ট্যের অধিকারী বিশ্লেষণ কর। ৪

নিচে একটি শ্রেণিবিন্যাসের আংশিক ধারণা দেওয়া হলো :



- ক. ফানজাই রাজ্যের জীবদের কোষপ্রাচীর কী দিয়ে গঠিত? ১
- খ. প্রোক্যারিওটা ও ইউক্যারিওটার মধ্যে ২টি পার্থক্য লেখ। ২
- গ. উপরের শ্রেণিবিন্যাস অনুযায়ী শৈবাল কোন কিংডমের অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. দুটি বৈশিষ্ট্য ও একটি উদাহরণ উল্লেখপূর্বক উপরের অসম্পূর্ণ শ্রেণিবিন্যাসটিকে সম্পূর্ণ করে হকে দেখাও। ৪



চিত্র : A

- ক. সিংহের বৈজ্ঞানিক নাম লেখ। ১
- খ. ডায়াটমের চারটি বৈশিষ্ট্য লেখ। ২
- গ. মারগুলিসের শ্রেণিবিন্যাস অনুসারে চিত্রের জীবটির রাজ্য শনাক্ত কর। ৩
- ঘ. চিত্রের জীবটিতে সংঘটিত কোষ বিভাজন প্রক্রিয়া জীবজগতকে ধ্বংসের হাত থেকে রক্ষা করে— মূল্যায়ন কর। ৪



A



B

- ক. জীব বিজ্ঞানকে প্রধানত কয়টি শাখায় বিভক্ত করা হয়েছে লেখ। ১
- খ. শ্রোটিস্টা রাজ্যের জীবদের প্রজনন সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দাও। ২
- গ. B জীবটি খাদ্যের জন্য অন্যের উপর নির্ভরশীল ব্যাখ্যা কর। ৩
- ঘ. A ও B জীবের চারটি পার্থক্য উল্লেখ কর। ৪

জনাব হাসান জীব বিজ্ঞান ক্লাসে পড়ানোর সময় বলেন, জীববিজ্ঞানকে কতগুলো মৌলিক শাখায় বিভক্ত করা হয়েছে এবং দিন দিন যত এর জ্ঞান বাড়ছে ততই এর শাখা প্রশাখা বৃদ্ধি পেছে। জীব বিজ্ঞানের অর্থনৈতিক গুরুত্ব আলোচনায় তিনি বলেন, বর্তমানকাল হলো জীববিজ্ঞানের কাল।

- ক. ক্যারোলাস লিনিয়াসের বইয়ের নাম কী? ১
- খ. দ্বিপদ নামকরণ বলতে কী বুঝ? ২
- গ. জনাব হাসান জীব বিজ্ঞানের যেসব শাখার কথা বললেন সেগুলো উল্লেখ করে জীববিজ্ঞানের ফলিত শাখা সৃষ্টির কারণ বর্ণনা কর। ৩
- ঘ. জনাব হাসানের শেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

ডলি দশম শ্রেণীর ছাত্রী। ব্যবহারিক ক্লাসের জন্য সে (i) নীলাভ সবুজ শৈবাল, (ii) ডায়াটস, (iii) স্পাইরোগাইরা-এর নমুনা সংগ্রহ করল।

- ক. Homo Sapiens লেখাটি ঠিক কী? না হলে সঠিকভাবে লিখ। ১
- খ. প্যারেনকাইমা কোষ ও ব্যাকটেরিয়া কোষের মধ্যে পার্থক্যগুলো উল্লেখ কর। ২
- গ. সংগৃহীত উদ্ভিদগুলো ব্যবহারিক ক্লাসে ডলি কীভাবে শ্রেণিবিন্যাস করেছিল উল্লেখ কর? ৩
- ঘ. উদ্ভিদকোষের (i) ও (ii) এর মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৪

সাধারণ প্রশ্ন ও উত্তর

● ■ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১ ১ ১ জীববিজ্ঞান শিক্ষার গুরুত্ব কী?

উত্তর : জীববিজ্ঞানের শিক্ষায় জীবদেহের বিভিন্ন অংশ ও অঙ্গের গঠন, দেহের বিভিন্ন রাসায়নিক কর্মকান্ড, জীবের পুষ্টি গ্রহণ, পরিবেশের সাথে খাপ খাওয়ানো এবং প্রজনন সম্বন্ধে জ্ঞান যায়।

প্রশ্ন ১ ২ ১ জীববিজ্ঞানের ভৌত শাখাগুলোর নাম লিখ।

উত্তর : জীববিজ্ঞানের ভৌত শাখাগুলো হলো :

১. অঙ্গসংস্থান (Morphology)
২. শ্রেণিবিন্যাস (Taxonomy)
৩. শরীরবিদ্যা (Physiology)
৪. হিস্টোলজি (Histology)
৫. ভ্রূণবিদ্যা (Embryology)
৬. কোষবিদ্যা (Cytology)
৭. বংশগতিবিদ্যা (Genetics)
৮. বিবর্তনবিদ্যা (Evolution)
৯. বাস্তুবিদ্যা (Ecology)
১০. এন্ডোক্রাইনোলজি (Endocrinology) ও
১১. জীবভূগোল (Biogeography)।

প্রশ্ন ১ ৩ ১ জীববিজ্ঞানের ফলিত শাখাগুলোর নাম লিখ।

উত্তর : জীববিজ্ঞানের ফলিত শাখাগুলো হলো:

● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ১ ৥ বায়োলজি শব্দের প্রবক্তা বা জনক কে?

উত্তর : বায়োলজি শব্দের প্রবক্তা বা জনক গ্রিক দার্শনিক অ্যারিস্টটল।

প্রশ্ন ১ ২ ৥ জীববিদ্যা কাকে বলে?

উত্তর : বিজ্ঞানের যে শাখায় জীবের গঠন এবং জীবনধারণ সম্পর্কে সম্যক বৈজ্ঞানিক জ্ঞান পাওয়া যায় তাকেই জীববিদ্যা বা জীববিজ্ঞান বলা হয়।

প্রশ্ন ১ ৩ ৥ হিস্টোলজি বলতে কী বোঝ?

উত্তর : জীবদেহের টিস্যুসমূহের গঠন, বিন্যাস ও কার্যাবলি সম্বন্ধে জীববিজ্ঞানের যে শাখায় আলোচনা করা হয় তাকে হিস্টোলজি বলে।

প্রশ্ন ১ ৪ ৥ ICBN এর পুরো নাম কী?

উত্তর : ICBN এর পুরো নাম International Code of Botanical Nomenclature।

প্রশ্ন ১ ৫ ৥ ICZN-এর পুরো নাম কী?

উত্তর : ICZN এর পুরো নাম - International Code of Zoological Nomenclature.

প্রশ্ন ১ ৬ ৥ কে সর্বপ্রথম শ্রেণিবিন্যাসের ভিত্তি প্রবর্তন করেন?

উত্তর : ক্যারোলাস লিনিয়াস সর্বপ্রথম শ্রেণিবিন্যাসের ভিত্তি প্রবর্তন করেন।

প্রশ্ন ১ ৭ ৥ দ্বিপদ নামকরণের মূল লক্ষ্য কী?

উত্তর : বৈচিত্র্যময় জীব জগতের প্রতিটি জীবকে আলাদা নামে সঠিকভাবে জানাই দ্বিপদ নামকরণের মূল লক্ষ্য।

প্রশ্ন ১ ৮ ৥ পিঁয়াজের বৈজ্ঞানিক নাম কী?

উত্তর : Allium cepa

প্রশ্ন ১ ৯ ৥ প্রজাতি কী?

উত্তর : প্রজাতি হল শ্রেণিবিন্যাসের মৌলিক একক যা দ্বিপদী নামের মাধ্যমে প্রকাশ করা হয়।

প্রশ্ন ১ ১০ ৥ ভৌত জীব বিজ্ঞান শাখার আলোচ্য বিষয় কী?

উত্তর : জীব বিজ্ঞানের তত্ত্বীয় বিষয়গুলোই হল ভৌত জীব বিজ্ঞানের আলোচ্য বিষয়।

প্রশ্ন ১ ১১ ৥ ফানজাই রাজ্যের জীবদের খাদ্যগ্রহণ পদ্ধতি কীরূপ?

উত্তর : ফানজাই রাজ্যের জীবদের খাদ্যগ্রহণ পদ্ধতি হলো শোষণ।

● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ১ ৥ শ্রেণিবিন্যাস কাকে বলে? জীববিদ্যায় বৈজ্ঞানিক নাম ব্যবহারের প্রয়োজনীয়তা কী কী?


উত্তর : জীবের আকৃতিগত ও প্রকৃতিগত বিভিন্ন ধরনের বৈশিষ্ট্যাবলির পারস্পরিক সাদৃশ্য ও বৈসাদৃশ্যের ওপর ভিত্তি করে একে বিভিন্ন দলে সজ্জিত করণকে শ্রেণিবিন্যাস বলে।

জীবজগতে প্রতিটি জীবের বৈজ্ঞানিক নাম অনন্য (unique)। কারণ একই নাম দুটি পৃথক জীবের জন্য ব্যবহারের অনুমতি নেই ICBN অনুসারে। বৈজ্ঞানিক নাম ব্যবহারের সুবিধা হলো, আঞ্চলিক ভাষায় একটি প্রাণীর বা একটি উদ্ভিদের যে নামেই থাকুক না কেন, সারাবিশ্বে জীববিজ্ঞানীরা একটি প্রাণী বা একটি উদ্ভিদকে একই নামে চিনতে পারবে। যেমন : ধান গাছকে আমরা ধান গাছ বলি কিন্তু বিশ্বের

অন্য দেশে ধান বললে চিনতে পারবে না কিন্তু *Oryza sativa* বললে বিজ্ঞানীরা বুঝতে পারবে এটি কী ধরনের উদ্ভিদ।

প্রশ্ন ১ ২ ৥ মারগুলিস এর শ্রেণিবিন্যাসের রূপরেখা ছকের মাধ্যমে দেখাও।

উত্তর : মারগুলিস এর পাঁচ জগৎ শ্রেণিবিন্যাসের ছক-



প্রশ্ন ১ ৩ ৥ দ্বিপদ নামকরণের প্রধান চারটি নিয়ম উল্লেখ কর।

উত্তর : দ্বিপদ নামকরণের প্রধান চারটি নিয়ম নিচে উল্লেখ করা হলো :

১. কেবলমাত্র ল্যাটিন ভাষায় জীবের নামকরণ করতে হবে। অন্য কোনো ভাষায় নামকরণ সিন্থ নয়।
২. বৈজ্ঞানিক নামের দুটি অংশ থাকবে, প্রথম অংশটি গণ নাম এবং দ্বিতীয় অংশটি প্রজাতি নাম যেমন : *Labeo rohita* বৃহি মাছের বৈজ্ঞানিক নাম।
৩. গণ-এর নামের প্রথম অক্ষর বড় হরফে এবং প্রজাতির নাম ছোট হরফে লিখতে হবে। যিনি প্রথম কোনো জীবের বৈজ্ঞানিক নাম দেন উক্ত জীবের বৈজ্ঞানিক নামের শেষে তাঁর নাম সংক্ষেপে দিতে হবে। যেমন : *Panthera tigris* L (L অর্থাৎ Linnaeus)। জীবের বৈজ্ঞানিক নাম সবসময় Italic অক্ষরে লিখতে হবে।

প্রশ্ন ১ ৪ ৥ একটি উদ্ভিদ বা প্রাণী সম্বন্ধে ধারণা নিতে হলে জীববিজ্ঞানের কোন কোন শাখার সাহায্য নিতে হয়?

উত্তর : একটি উদ্ভিদ বা প্রাণী সম্বন্ধে ধারণা নিতে হলে জীবটির আকৃতি, কোষের গঠন, জৈবনিক প্রক্রিয়া, জীবজগতে তার অবস্থান ও তার আবাসস্থান সম্বন্ধে ধারণা নিতে হবে। এ ধারণাগুলো জীববিজ্ঞানের কতগুলো ভৌত শাখা যেমন : অঙ্গসংস্থান, কোষবিদ্যা, শারীরবিদ্যা, শ্রেণিবিন্যাসবিদ্যা ও বাস্তুবিদ্যার সাহায্য পাওয়া যাবে।

প্রশ্ন ১ ৫ ৥ ফানজাই এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর : ফানজাই এর দুটি বৈশিষ্ট্য-

- এরা মৃতজীবী বা পরজীবী।
- এদের কোষপ্রাচীর কাইটিন দ্বারা নির্মিত।

প্রশ্ন ১ ৬ ৥ পাঁচ রাজ্যের শ্রেণিবিন্যাসের রাজ্যগুলোর নাম কী কী?

উত্তর : জীবের শ্রেণিবিন্যাসের পাঁচটি রাজ্য-

- | | |
|--------------------|--------------------|
| রাজ্য - ১ Monera | রাজ্য - ২ Protista |
| রাজ্য - ৩ Fungi | রাজ্য - ৪ Plantae |
| রাজ্য - ৫ Animalia | |

প্রশ্ন ৭ ৥ ট্যাক্সোনমি ও শ্রেণিবিন্যাসের পার্থক্য উল্লেখ কর।

উত্তর : ট্যাক্সোনমি জীববিজ্ঞানের একটি শাখা। এখানে জীবের নামকরণ, শনাক্তকরণ ও শ্রেণিবিন্যাস আলোচনা করা হয়। শ্রেণিবিন্যাস ট্যাক্সোনমির একটি অংশ। জীবের নামকরণ ও শনাক্তকরণের পর তাদের বিভিন্ন গোষ্ঠীতে ভাগ করার পদ্ধতি হলো শ্রেণিবিন্যাস।

প্রশ্ন ৮ ৥ ICBN অনুসারে ধানের বৈজ্ঞানিক নাম কী কী ভাবে লিখতে পারবে?

উত্তর : ICBN অনুসারে ধানের বৈজ্ঞানিক নাম লিখতে হবে-

ইটালিক হরফে *Oryza sativa*

রোমান হরফে বা হাতে লিখলে Oryza sativa

প্রশ্ন ৯ ৥ প্রানটি এবং অ্যানিমেলিয়া রাজ্যের পার্থক্য লেখ।

উত্তর : প্রানটি এবং অ্যানিমেলিয়ার মধ্যে পার্থক্য নিচে লেখা হলো :

প্রানটি	অ্যানিমেলিয়া
i) এদের দেহকোষে জড় কোষ প্রাচীর ও প্লাস্টিড বিদ্যমান।	i) এদের দেহকোষে জড় কোষ প্রাচীর ও প্লাস্টিড নেই।
ii) এরা সালোকসংশ্লেষণকারী, স্বভোজী উদ্ভিদ।	ii) এরা সালোকসংশ্লেষণে অক্ষম, পরভোজী প্রাণী।

প্রশ্ন ১০ ৥ বিবর্তন বিদ্যায় আলোচনার বিষয়গুলো উল্লেখ কর।

উত্তর : বিবর্তন বিদ্যায় আলোচনার বিষয়গুলো হলো পৃথিবীতে প্রাণের বিকাশ, জীবের বিবর্তন এবং ক্রমবিকাশ তথ্যসমূহের পর্যালোচনা।

প্রশ্ন ১১ ৥ মনেরা কিংডমের বৈশিষ্ট্য কী কী?

উত্তর : মনেরা কিংডমের বৈশিষ্ট্য :

- এরা প্রোক্যারিওটিক জীব।
- এককোষী জীব।
- নিউক্লিয়াস নির্দিষ্ট করা যায় না বা থাকে না।

প্রশ্ন ১২ ৥ কোন কোন বিষয়ের উপর ভিত্তি করে জীবজগতকে পাঁচটি রাজ্যে ভাগ করা হয়?

উত্তর : নিচের বিষয়গুলোর উপর ভিত্তি করে জীব জগতকে পাঁচটি রাজ্যে ভাগ করা হয়।

যথা :

- কোষের DNA ও RNA এর প্রকারভেদ
- জীবদেহে কোষের বৈশিষ্ট্য
- কোষের সংখ্যা ও
- খাদ্যাভ্যাস।